

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৯১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. আযান (সালাতের জন্য আহ্বান) - সময় আগমন নিশ্চিত হওয়ার পূর্বে আযানের বিধান

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ: إِنَّ بِلَالًا أَذَّنَ قَبْلَ الْفَجْرِ, فَأَمَرَهُ النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ أَنْ يَرْجِعَ, فَيُنَادِيَ: «أَلَا إِنَّ الْعَبْدَ نَامَ». رَوَاهُ أَبُو دَاوُدَ، وَضَعَّفَهُ

صحيح. رواه أبو داود (532)، وأما تضعيف أبي داود فمثله فعل الترمذي إذ قال: «حديث غير محفوظ»، وحجتهم في ذلك أن حماد بن سلمة أخطأ فيه. قلت: وتخطئة الثقة بدون بينة مردود كما فعلوا ذلك هنا

বাংলা

১৯১। ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত যে, বিলাল (রাঃ) ফজরের (সময়ের অল্প) পূর্বে আযান দিয়েছিলেন। ফলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে- 'এ বান্দা অবশ্য ঘুমিয়ে গিয়েছিল বলে' ঘোষণা দিতে নির্দেশ করলেন। আবূ দাউদ একে য'ঈফ (দুর্বল) রূপে বর্ণনা করেছেন।[1]

ফুটনোট

[1] আবু দাউদ ৫৩২, আবু দাউদের মতই তিরমিযীও হাদীসটিকে যঈফ বলেছেন । যেমন তিনি বলেছেন: حدیث হাদীসটি সংরক্ষিত নয় । এ কথার সমর্থনে তাদের দলীল হচ্ছে যে, হাম্মদ বিন সালামাহ তাতে ভুল করেছেন। মুহাক্কিক সুমাইর আয-যুহাইরি বুলুগুল মারামের ব্যাখ্যা গ্রন্থে বলেন: নির্ভরযোগ্য রাবীর ক্রটি বিনা প্রমাণে বর্ণনা করা গ্রহণযোগ্য নয়। যেমনটি তারা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন